



বাংলাদেশ কৃষি ব্যাংক
আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোনঃ ৯৫৭৬৬৫৩, ৯৫৬০০২১ বর্ধিত-৩৩৫
E-mail:dgmsystem@krishibank.org.bd



মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

আইসিটি পরিপত্র নং-০৬/২০২০

তারিখঃ ২৩-১২-২০২০ ইং

বিষয় : অনলাইন শাখা সমূহে সংঘটিত যে কোন লেনদেন তাৎক্ষণিকভাবে CBS এ পোস্টিং প্রদান ও অথরাইজ করা প্রসঙ্গে।


বর্তমানে বাংলাদেশ কৃষি ব্যাংকের ৭৩০ টি শাখায় CBS এর মাধ্যমে Online Banking কার্যক্রম পরিচালিত হচ্ছে। অনলাইন ব্যাংকিং কার্যক্রমের আওতায় Over the counter এ চেক বা জমা স্লিপসহ শাখা পর্যায়ে অন্যান্য যে কোন ভাউচার প্রস্তুত করার সাথে সাথে CBS এর সংশ্লিষ্ট মডিউলে পোস্টিং প্রদান পূর্বক অথরাইজ করা একান্ত আবশ্যিক। এতদবিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা থাকা সত্ত্বেও শাখা পর্যায়ে লেনদেন করার সাথে সাথে পোস্টিং প্রদান এবং অথরাইজ না করে পরবর্তীতে CBS এ একসাথে অনেকগুলো লেনদেন পোস্টিং প্রদান এবং অথরাইজ করার প্রবণতা পরিলক্ষিত হচ্ছে। এতদপ্রেক্ষিতে গ্রাহক এবং শাখা পর্যায়ে নিম্নলিখিত সমস্যা সমূহের উদ্ভব হচ্ছেঃ

- লেনদেন সম্পন্ন করার অনেক পরে CBS এ পোস্টিং প্রদান বা অথরাইজ করার কারণে গ্রাহকগণকে SMS এর মাধ্যমে হিসাব স্থিতি (Balance) জানতে দীর্ঘক্ষণ অপেক্ষা করতে হয়।
- CBS এর মাধ্যমে কোন পোস্টিং প্রদান করার সাথে সাথে অথরাইজ না করলে অন্তর্বর্তীকালে যদি অন্য কোন লেনদেন যেমনঃ এটিএম, চেক, BACH, RTGS, POS ট্রান্সফারের মাধ্যমে লেনদেন সংঘটিত হয় তাহলে পরবর্তী লেনদেনের SMS আগে চলে আসার কারণে গ্রাহকগণের SMS এর মাধ্যমে প্রাপ্ত স্থিতির সাথে হিসাবের মূল স্থিতির গরমিল পরিলক্ষিত হয় যা গ্রাহক পর্যায়ে অসন্তোষ সৃষ্টি করে।
- অনলাইন জমার ক্ষেত্রে পোস্টিং প্রদান অথবা পোস্টিং পরবর্তী অথরাইজ করতে অনাকাঙ্ক্ষিত বিলম্ব করা হলে অনেক ক্ষেত্রে গ্রাহক বা গ্রাহকের মনোনীত ব্যক্তি অপর শাখায় গিয়ে টাকা উত্তোলনের ক্ষেত্রে বিলম্বজনিত বিড়ম্বনার শিকার হয়।
- অনলাইন পোস্টিং সমূহ অথরাইজ করতে অনাকাঙ্ক্ষিত বিলম্ব হলে একটি শাখা সকল কাজ শেষ করার পরও শুধুমাত্র সেই শাখার উপর করা অন্য শাখার অনলাইন ট্রানজেকশনসমূহ unauthorized থাকার কারণে যথাসময়ে Day End করতে পারেন না।
- অনলাইন পোস্টিং প্রদান করার ক্ষেত্রে পরস্পর শাখা দুটি একই তারিখে খোলা থাকা বাধ্যতামূলক। এক্ষেত্রে অনলাইন জমার ভাউচার বা চেক দিন ব্যাপি ধরে রেখে বিকালে পোস্টিং দেওয়ার আগে যদি অপর শাখাটি Day End করে চলে যায় সে ক্ষেত্রে পোস্টিংটি সম্পন্ন করা সম্ভবপর হবেনা।
- সারাদিন ব্যাপি ভাউচার জমিয়ে রেখে সকল শাখা যদি একত্রে বিকালে বা সন্ধ্যায় ভাউচার পোস্টিং প্রদান শুরু করে তাহলে অনাকাঙ্ক্ষিতভাবে নেটওয়ার্ক এর উপর অতিরিক্ত ট্রাফিক সৃষ্টি হয় যার ফলে অনেক শাখার CBS এ দৈনন্দিন কার্যাদি সম্পাদন করতে সমস্যা হয়।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংকে অনলাইন ব্যাংকিং কার্যক্রম নিরবিচ্ছিন্ন ভাবে পরিচালনা, গ্রাহক সন্তুষ্টি বজায় রাখা এবং আন্তঃশাখা অনলাইন লেনদেনের বিষয়াদি বিবেচনায় সকল অনলাইন শাখাসমূহকে লেনদেন করার/ভাউচার প্রস্তুত করার সাথে সাথে CBS এর সংশ্লিষ্ট মডিউলে পোস্টিং প্রদান পূর্বক অথরাইজ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হলো।

০৩। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে,


(পারভীন আকতার)
মহাব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/আইসিটি) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (এলপিও) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৫। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বিকেবি।
- ৬। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
- ৮। উপমহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/ সকল কর্পোরেট শাখা, বিকেবি।
- ৯। সকল আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক কার্যালয়, বিকেবি।
- ১০। সকল আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
- ১১। ব্যবস্থাপক, সকল অনলাইন শাখা।
- ১২। নথি।